

তারিখ
পৃষ্ঠা ১২ কলাম ৩

ভিকারুননিসা নূন বিশ্ববিদ্যালয় বন্ধ হওয়ার পথে

রাশেদ মেহেদী ॥ বন্ধ হওয়ার পথে ভিকারুননিসা নূন বিশ্ববিদ্যালয়। ফলে ছাত্রিক সম্মুখীন বিশ্ববিদ্যালয়ের ১শ' ৩৩ জন ছাত্রীর শিক্ষাকীরবন। এরা এখন ৩য় সেমিস্টারে পড়ছে। ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের কিছু শিক্ষক বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি, অফিস রুম নিজেরা ব্যবহার শুরু করেছেন। বিশ্ববিদ্যালয়ের রাসসরমতলোর শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবহার বন্ধ করে দেয়া হয়েছে এবং স্কুল ও কলেজের ১নং গেট দিয়ে বিশ্ববিদ্যালয় ছাত্রীদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। স্কুল ও কলেজ কর্তৃপক্ষ অবিলম্বে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অন্যত্র সরিয়ে নেয়ার দাবি জানিয়েছেন। বিশ্ববিদ্যালয় বন্ধের কারণ হিসেবে তারা নিয়ম বহির্ভূতভাবে বিশ্ববিদ্যালয় ছাপন এবং স্কুল ও কলেজের সঙ্গে বৈষম্যমূলক পরিবেশ সৃষ্টিকে দায়ী করেছেন। তবে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অন্যতম উদ্যোক্তা, একধারে সাবেক অধ্যক্ষ হামিদা আসী এবং অভিভাবক ও কয়েকটি সূত্র জানিয়েছে ভিন্ন কথা। তাদের বক্তব্য হচ্ছে, স্কুল ও কলেজের বর্তমান গভর্নিং বডি ও

কিছু শিক্ষকের ইনামগ্যাতার কারণেই বন্ধ করে দেয়া হচ্ছে বিশ্ববিদ্যালয়। উল্লেখ্য, ১৯৯৫-৯৬ সালে স্কুল ও কলেজের পরিচালনা পর্ষদ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়। স্কুল ও কলেজ ক্যাম্পাসের দীর্ঘ ৪৫ বছর থেকে পতিত থাকা জমির ওপর বিশ্ববিদ্যালয় ভবন ভিকারুননিসা : পৃ: ২ ক: ৫